জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

ই-মেইলঃ b.university.pro@gmail.com ওয়েব সাইটঃ bu.ac.bd: ফোনঃ ০১৭১১০০১৯০৫



Office of the Public Relations University of Barishal

E-mail: b.university.pro@gmail.com Web: bu.ac.bd; Mobile: 01711001905

প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে 'Rights of the Structurally Silenced Women in Bangladesh' শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৮ সেপ্টেম্বর ২০২৩খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে 'Rights of the Structurally Silenced Women in Bangladesh' শীর্ষক একটি কর্মশালা। CREA, BRAC James P. Grant School of Public Health (JPGSPH), ব্র্যাক ইউনিভার্সিটি এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি চুক্তির অধীনে মানবাধিকার ব্যবস্থার উপর সংলাপ সেশন পরিচালনা করার জন্য একটি নিরাপদ স্থান প্রদান করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে অন-গ্রাউভ অ্যাডভোকেসি প্রচারাভিযান বাস্তবায়নে সহায়তা প্রদান করার লক্ষ্যে এ কর্মশালার আয়োজন করা হয়। ১৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখ দুপুর ২ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন ১ এর ধম তলায় অবস্থিত ভার্ট্য়াল সভাকক্ষে এ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের উপস্থিতিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) সুপ্রভাত হালদার। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূইয়া । অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান নুসরাত শারমিন লিপি, উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. সোনিয়া খান সনি, আইন বিভাগের সহকারী অধ্যাপক সুলতানা জাহানসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিকার্থীবৃদ্য। অনুষ্ঠানটি পরিচালনা করেন জেভার বিশেষজ্ঞ সাদিয়া তাসনিম, সহকারী প্রকল্প সমন্বয়কারী শারমিন আক্তার সেতু এবং সহকারী গবেষণা সমন্বয়কারী মোঃ সজিব রানা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা প্রশাসনিক কর্মকর্তা জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়